

SALOM
১২ জ্যৈষ্ঠ ১৪৩১



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৬.২৩-৭৩

তারিখঃ ১২ জ্যৈষ্ঠ ১৪৩১
২৬ মে ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আবুল হোসেন (১০৯০৫০৪৮), সিনিয়র সহকারী সচিব, নির্বাচন কমিশন সচিবালয় (প্রাক্তনঃ জেলা নির্বাচন অফিসার, রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার, সাধারণ ওয়ার্ড-০৯, ১১ ও ১২, রাজশাহী সিটি কর্পোরেশন নির্বাচন-২০২৩) এর বিরুদ্ধে ভোটগ্রহণের প্রাক্কালে নির্বাচনে হানিকর পরিস্থিতি সৃষ্টির অভিযোগ উত্থাপিত হয়;

যেহেতু, তার দায়িত্বহীনতায় সৃষ্ট অপ্রীতিকর ঘটনাটি গণমাধ্যমে ব্যাপক সমালোচিত হওয়ায় নির্বাচন কমিশনের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে;

যেহেতু, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী কর্তৃক গণমাধ্যমে প্রচারিত ঘটনার লিখিত ব্যাখ্যা তলব করায় অভিযুক্ত কর্মকর্তা যে জবাব প্রদান করেছেন তা সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, ভোটগ্রহণের প্রাক্কালে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নিকটজনকে তার নিজ বাসভবনে প্রবেশের সুযোগ প্রদান করে দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন মর্মে প্রাথমিক তদন্তে প্রমাণিত;

যেহেতু, তিনি রাজশাহী সিটি কর্পোরেশন নির্বাচন-২০২৩ এ সংশ্লিষ্ট বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ ও প্রয়োগ না করে আপন কর্তব্যে অবহেলা প্রদর্শন করেছেন;

যেহেতু, তার এহেন কার্যকলাপ শৃঙ্খলার পরিপন্থি বিধায় নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ধারা ৫ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-১৪/২০২৩ রুজু করা হয়;

যেহেতু, বিধি মোতাবেক তার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠন পূর্বক ২১-১১-২০২৩ তারিখে তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন এবং ১৬-০১-২০২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, নথি ও তৎসংশ্লিষ্ট কাগজপত্র, প্রাথমিক তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের লিখিত ও মৌখিক বক্তব্য, অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তিনি “অসদাচরণ” এর দায়ে দোষী বিবেচিত হওয়ায় দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোঃ আবুল হোসেন (১০৯০৫০৪৮), সিনিয়র সহকারী সচিব, নির্বাচন কমিশন সচিবালয় (প্রাক্তনঃ জেলা নির্বাচন অফিসার, রাজশাহী)-কে “অসদাচরণ” এর দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক ০১-০৬-২০২৪ খ্রি. হতে ৩০-০৬-২০২৭ খ্রি. পর্যন্ত অর্থাৎ পরবর্তী ০৩(তিন) বছরের জন্য তার “বেতন বৃদ্ধি স্থগিত” করা হলো। তিনি এর কোনো বকেয়া প্রাপ্য হবেন না। একই সাথে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-১৪/২০২৩ নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ জাহাঙ্গীর আলম
সচিব
১২ জ্যৈষ্ঠ ১৪৩১

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৬.২৩-৭৩

তারিখঃ ১২ জ্যৈষ্ঠ ১৪৩১
২৬ মে ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

(১/২)

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

- ০৩। যুগ্ম-সচিব(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী
০৭। উপসচিব(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ]
০৯। উপসচিব (চ.দা.) (হিসাব), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০। জনাব মোঃ আবুল হোসেন (১০৯০৫০৪৮), সিনিয়র সহকারী সচিব, নির্বাচন কমিশন সচিবালয় (প্রাক্তনঃ জেলা নির্বাচন অফিসার, রাজশাহী)
১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
১২। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১৩-১৬। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
১৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [জনাব মোঃ আবুল হোসেন (১০৯০৫০৪৮), সিনিয়র সহকারী সচিব, নির্বাচন কমিশন সচিবালয় (প্রাক্তনঃ জেলা নির্বাচন অফিসার, রাজশাহী) এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ]

১৮/০৫/১৮

মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮
ইমেইল: sas_dis@ecs.gov.bd

(২/২)

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd